

**প্রেস বিজ্ঞপ্তি**  
**জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ**  
**বিভিন্ন অপরাধে ২৬টি প্রতিষ্ঠানকে ১.৮২ লক্ষ টাকা জরিমানা**

২০ জুলাই ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয়ের ৯ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, গোপালগঞ্জ, যশোর, রংপুর, কুড়িগ্রাম, খুলনা, সিলেট, ব্রাহ্মণবাড়ীয়া ও পাবনায় আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তারের নেতৃত্বে ঢাকা মহানগরীর পল্টন এলাকায় খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে ভোজন রেস্টোরাঁকে ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা ও অভিযোগের ভিত্তিতে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে উক্ত প্রতিষ্ঠানকে ১০,০০০/- (দশ হাজার) টাকা এবং একই অপরাধে হোটেল কস্তুরীকে ১৫,০০০/- (পনের হাজার) টাকাসহ মোট ৬৫,০০০/- (পয়ষট্টি হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা এবং ২ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসাবে ৬,২৫০/- (ছয় হাজার দুইশত) টাকা প্রদান করা হয়।

এছাড়া খুলনা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ মামুনুল হাসানের নেতৃত্বে খুলনার খান জাহান আলী থানায় ৪টি প্রতিষ্ঠানকে ৪২,০০০/- (বিয়াল্লিশ হাজার) টাকা, গোপালগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শামীম হাসানের নেতৃত্বে গোপালগঞ্জের কাশিয়ানী উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ৮,০০০/- (আট হাজার) টাকা, রংপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আফসানা পারভীনের নেতৃত্বে রংপুরের পীরগঞ্জ উপজেলায় ১টি প্রতিষ্ঠানকে ১৫,০০০/- (পনের হাজার) টাকা, কুড়িগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শেখ সাদীর নেতৃত্বে কুড়িগ্রাম সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৭,০০০/- (সাত হাজার) টাকা, সিলেট বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক এ এস এম মাসুম-উদ-দৌলার নেতৃত্বে সিলেটের কোতয়ালী থানায় ৫টি প্রতিষ্ঠানকে ১৭,০০০/- (সতের হাজার) টাকা, ব্রাহ্মণবাড়ীয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আছাদুল ইসলামের নেতৃত্বে ব্রাহ্মণবাড়ীয়ার বিজয়নগর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ৭,০০০/- (সাত হাজার) টাকা, পাবনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মুহাম্মদ হাসানুজ্জামানের নেতৃত্বে অভিযোগের ভিত্তিতে পাবনা সদর উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ১৮,০০০/- (আঠার হাজার) টাকা এবং যশোর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সোহেল শেখের নেতৃত্বে অভিযোগের ভিত্তিতে যশোর সদর উপজেলায় আকিজ কর্পোরেশন লিঃ কে ৩,০০০/- (তিন হাজার) টাকাসহ মোট ১,১৭,০০০/- (এক লক্ষ সতের হাজার) টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রে কারচুপি, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা এবং ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় এবং ৫ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসাবে ৫,২৫০/- (পাঁচ হাজার দুইশত পঞ্চাশ) টাকা প্রদান করা হয়।

আজকের ৯টি বাজার তদারকিতে ২৬টি প্রতিষ্ঠানকে মোট ১,৮২,০০০/- (এক লক্ষ বিরাশি হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানার টাকা হতে ৭ জন অভিযোগকারীকে মং ১১,৫০০/- (এগার হাজার পঁচাত্তর) টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, স্যানিটারী ইন্সপেক্টর, বাজার কর্মকর্তা, শিল্প ও বণিক সমিতির প্রতিনিধি, ক্যাব, পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি, র্যাব, এবং মৎস্য কর্মকর্তা এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-  
(আফরোজা রহমান)  
সহকারী পরিচালক

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

- ১। মহাপরিচালক, র্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, সিলেট, খুলনা ও রংপুর মহানগর।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, ঢাকা, গোপালগঞ্জ, যশোর, রংপুর, কুড়িগ্রাম, খুলনা, সিলেট, ব্রাহ্মণবাড়ীয়া ও পাবনা।
- ৭। পুলিশ সুপার, ঢাকা, গোপালগঞ্জ, যশোর, রংপুর, কুড়িগ্রাম, খুলনা, সিলেট, ব্রাহ্মণবাড়ীয়া ও পাবনা।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।